

নং-৩৭.০০.০০০০.০৬৫.১৬.০৫৯.১৬-২৭৯

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৬
৩০ জুলাই ২০১৯

পরিপত্র

সম্প্রতি সারাদেশে ডেঙ্গুজ্বরের প্রকোপ বৃদ্ধি পেয়েছে। ডেঙ্গুজ্বরের প্রতিরোধে সকল পর্যায়ে সচেতনতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ডেঙ্গু প্রতিরোধে এ বিভাগ ও এর অধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থা এবং বিভাগীয়-আঞ্চলিক-জেলা ও উপজেলা কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদেরকে অফিস ও নিজ নিজ বাসস্থানে সব ধরনের সতর্কতা অবলম্বনসহ অবিলম্বে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো:

- ১.১ নিজ নিজ অফিস গৃহ, আশ্রিনা ও আশেপাশের এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে;
- ১.২ নিজ নিজ বাসস্থান পরিষ্কার রাখতে হবে এবং জমে থাকা পানি দ্রুত অপসারণ করতে হবে;
- ১.৩ সৌন্দর্য বর্ধনের জন্য রাখা ফুলের টব, বাসস্থানের ছাদ বাগানসহ পানি জমে থাকে এমন সকল পাত্র পরিষ্কার-পরিচ্ছন্ন করতে হবে;
- ১.৪ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ডেঙ্গু প্রতিরোধের উপায়সমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২.০ প্রতি সপ্তাহে একটি দিন নির্ধারণ করে এ কার্যক্রম নিয়মিত করতে হবে।

৩.০ এ কার্যক্রমের বিষয়ে আগামী ০৪ আগস্টের মধ্যে প্রথমবার এবং এর পরবর্তী প্রতি মাসের ০১ তারিখে প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করতে হবে।

স্বাক্ষরিত/-
৩০.০৭.২০১৯
(মোঃ সোহরাব হোসাইন)
সিনিয়র সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল


স্মারক নং- বশিবো/পিএস/২০১৯/০১

তারিখ : ৩১ জুলাই-২০১৯ইং

বিষয় : ডেঙ্গুজ্বরের প্রতিরোধ সংক্রান্ত মন্ত্রণালয়ের পরিপত্র।

সূত্র : স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৫.১৬.০৫৯.১৬-২৭৯, তারিখ : ৩০ জুলাই ২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পরিপত্র মোতাবেক মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল এর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য ডেঙ্গুজ্বরের সতর্কতা ও ছেলে ধরা গুজব সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয়ের আরো দুটি পরিপত্র বিগত ২৫/০৭/১৯ তারিখ বরিশাল শিক্ষাবোর্ডের ওয়েবসাইটে একাধিক কর্তরে দেয়া আছে। এমতাবস্থায় শিক্ষা মন্ত্রণালয়ের তিনটি পরিপত্র গুরুত্ব সহকারে নিয়ে প্রতিষ্ঠান প্রধানদেরকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।


প্রফেসর মোহাম্মদ ইউনুস-৬৯৪৭
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল
ফোন : ০১৭১১-৫৪৬৯৫৩

প্রধান শিক্ষক/অধ্যক্ষ
অত্রবোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান